

যে যার নিজের ঘরে

যে যার নিজস্ব ঘরে চলে যাচ্ছে  
সময়ের বিপন্ন আলোয়  
করতলে জোনাকিরা হাজার হাজার যুগ  
পার হয়ে আজও বলে সেই কথা  
অর্থ যার কৃহেলীয় উজ্জ্বল অস্ফৱ ।

মশান চাঁপার গন্ধেআমি যেন  
অক্লান্ত মৌমাছি সময়ের মধ্য নিয়ে যাই  
এবং নীলাভ বিষ। কপালের  
মাঝখানে একাদশী চাঁদ ।

যে যার নিজের ঘরে চলে যাচ্ছে  
সময়ের বিপন্ন আলোয় ।  
যেতে হবে আমাকেও  
মৃত্যুকে আড়াল করে আরও একা হয়ে  
যেতে হবে, করতলে জোনাকির আলো নিয়ে  
আমার নিজের ঘরে, যেতে হবে।  
যাই ।

রাম বসু

